**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 21 Feb. 26** **TIME: 7:35 AM**

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ তাঁর আসাম সফরের অংশ হিসেবে আজ গৌহাটীর সরুসজাই স্টেডিয়ামে সি আর পি এফের ৮৭ তম প্রতিষ্ঠা দিবসের কার্যসূচীতে অংশগ্রহণ করবেন । কেন্দ্রীয় বাহিনীটি প্রথমবারের জন্য উত্তর-পূর্বাঞ্চলে প্রতিষ্ঠা দিবসের জাতীয় কুচকাওয়াজের আয়োজন করেছে । সেইসঙ্গে তিনি সোনাপুরের কচুথলীতে দশম আসাম পুলিশ ব্যাটেলিয়নের নতুন ছাউনীর ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন ।

উল্লেখ্য কাছাড় জেলার কাটিগড়ার ভারত-বাংলাদেশ সীমান্ত অঞ্চল নাতানপুরে গতকাল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ভাইব্রেন্ট ভিলেজ কার্যসূচীর দ্বিতীয় পর্যায়ের সূচনা করে বলেছেন যে দেশের ১৭ টি রাজ্যের ৩৩৪ টি ব্লক এবং প্রায় ১ হাজার ৯৪৫ টি গ্রাম সহ আসামের ১৪০ টি সীমান্তবর্তী গ্রামে এধরণের অনুষ্ঠানের আয়োজন করা হবে । কর্মসংস্থাপন ,বিদ্যুত ,শিক্ষা ও অন্যান্য মৌলিক সুবিধার ক্ষেত্রে পিছিয়ে থাকা সীমান্তবর্তী গ্রামগুলিকে অন্যান্য উন্নত গ্রামসমূহের সমান করে তোলা হবে ।
তিনি আরো বলেন যে ভারত- পাকিস্তান সীমান্তের ৩৩৪ টি ব্লক এবং প্রায় ২০০০ গ্রামেও উন্নয়নমূলক কাজকর্ম আরম্ভ হয়েছে । অবৈধ দখল আসামের অন্যতম বৃহৎ সমস্যা বলে উল্লেখ করে

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন যে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার নেতৃত্বে আসামে অবৈধ জমি দখলমুক্ত করার জন্য অভিযান চলছে এবং অনুপ্রবেশকারীকে শণাক্ত করে উচ্ছেদ করা হবে । শ্রী শাহ বলেন যে আগামী পাঁচ বছরের মধ্যে আসামকে বন্যামুক্ত রাজ্য হিসেবে গড়ে তোলার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে

**--------বাইট-----**

সেইসঙ্গে তিনি রাজ্যের সড়কের পরিকাঠামো উন্নয়ন ,পর্যটন কেন্দ্র নির্মাণ এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ের জন্য কাজ চলছে বলেও দাবী করেন । স্বরাষ্ট্রমন্ত্রী বলেন যে বিগত ১০ বছরে কেন্দ্রীয় সরকার আসামের উন্নয়নের জন্য প্রায় ১৫ লক্ষ কোটি টাকা বরাদ্দ করেছে  এবং একটি উন্নত আসাম গড়ার অন্যতম গুরুত্বপূর্ন অংশ হচ্ছে ভাইব্রেন্ট ভিলেজ কার্যসূচী ।

অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা বলেন যে কাছাড় জেলার কাটিগড়া সীমান্ত এলাকাই শুধু নয় ,আসামের অন্যান্য সীমান্ত জেলায়ও ভাইব্রেন্ট কার্যসূচী রূপায়ন করা হবে । এই প্রকল্পের জন্য প্রায় ৬০০০ কোটি টাকা ব্যয় করা হবে । তিনি বলেন যে  সীমান্ত অঞ্চলে বিদ্যুত ,মোবাইল সংযোগ ,পানীয় জল উন্নত সড়ক ,চিকিৎসালয় ,শিক্ষাপ্রতিষ্ঠান ইত্যাদি মৌলিক সেবা চালু করা হবে যাতে সীমান্ত অঞ্চলের জনসাধারণ অন্যস্থানে যেতে বাধ্য না হন ।

---

মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের দ্বিতীয় পর্যায়ের অধীনে গতকাল কাছাড় , শ্রীভূমি এবং হাইলাকান্দি জেলার মোট ৭ হাজার ২শো ৭৩ জন হিতাধিকারীর মধ্যে প্রথম কিস্তির অনুদান বিতরণ করা হয়েছে । কাছাড় জেলার ৩ হাজার ৭শো ২ জন , শ্রীভূমি জেলার ২ হাজার ৩শো ৯২ জন এবং হাইলাকান্দি জেলার ১ হাজার ১শো ৭৯ জন হিতাধিকারী এই প্রকল্পের অধীনে আর্থিক সহায়তা লাভ করেছেন । এই উপলক্ষে গতকালশিলচর আই এস বি টিতে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার সঙ্গে রাজ্যের শিল্প ও বাণিজ্য মন্ত্রী বিমল বরা ,কাছাড় জেলার অভিভাবক মন্ত্রী জয়ন্তমল্ল বরুয়া , কৌশিক রাই , কৃষ্ণেন্দু পাল , সহ অন্যান্য বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

এই অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা গতকাল অম্রুত অভিযানের দ্বিতীয় পর্যায়ের অধীনে কাছাড় জেলার জল সরবরাহের ক্ষেত্রে নতুন সংযোজন হিসেবে দুটি প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস করেন । লক্ষীপুর শহরে ২০ কোটি টাকা ব্যায়সাপেক্ষে নির্মান করা জল সরবরাহ প্রকল্পটির গতকাল উদ্বোধন করা হয় । এই প্রকল্পের মাধ্যমে লক্ষীপুর শহরের ১০টি ওয়ার্ডে মোট ৪ হাজার পাইপযোগে জলসরবরাহ সংযোগ স্থাপনের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে । ফলে ওই অঞ্চলের প্রায় ২ হাজার ৫৫টি পরিবার উপকৃত হবে । এছাড়াও মূখ্যমন্ত্রী অম্রুত অভিযানের দ্বিতীয় পর্যায়ের  অধীনে ৩২ কোটি টাকা ব্যায়সাপেক্ষে শিলচর আবর্জনা নিষ্কাশন প্রকল্পের শিলান্যাস করেন  ।

মূখ্যমন্ত্র বলেন **---বাইট----**

মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা গতকাল শিলচর থেকে ভার্চুয়াল ব্যবস্থার মধ্য দিয়ে হাইলাকান্দি  লালা ও বদরপুর শহরের দীর্ঘ দিনের পানীয় জল সমস্যা সমাধানের লক্ষ্যে জল সরবরাহ প্রকল্পেরও শিলান্যাস করেন ।

রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের উদ্যোগে গতকাল হাইলাকান্দি রবীন্দ্র ভবনে জল সরবরাহ প্রকল্পের শিলান্যাস অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করা হয় ।

---

আজ ২১ শে ফেব্রুয়ারী । সমগ্র বিশ্বে নানা কার্যসূচীর মাধ্যমে আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস পালন করা হচ্ছে । মাতৃভাষার মর্যাদা রক্ষা ও ভাষাগত বৈচিত্র সংরক্ষণের লক্ষ্যে ১৯৯৯ সালে ইউনেসকো আজকের দিনটিকে আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি প্রদান করে । ২০০০ সাল থেকে সমগ্র বিশ্বে দিনটি যথাযথ মর্যাদায় পালন করা হচ্ছে ।
বরাক উপত্যকার তিন জেলায়ও বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে এই দিবস পালন করা হচ্ছে ।
বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন শিলচর শহর আঞ্চলিক সমিতির পক্ষ থেকে শিলচর বঙ্গভবনের অনন্ত দেব স্মৃতি প্রেক্ষাগৃহে আজ বিকেল ৫ টা ৪০ মিনিটে আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এতে বহুভাষিক কবিতা পাঠ ও সঙ্গীত পরিবেশন ছাড়াও

# বর্তমান সময়ের প্রেক্ষিতে ২১ ফেব্রুয়ারী স্মরণের প্রাসঙ্গিকতা # শীর্ষক একটি আলোচনা অনুষ্ঠিত হবে । এদিকে বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন বড়খলা আঞ্চলিক সমিতি উদ্যোগে আজ সকাল সাড়ে ১১ টায় সেডো কার্যালয়ে এই দিবস পালন করা হবে ।

এছাড়া শিলচরের সামাজিক সংগঠন সোসাইটি ফর এডুকেশন এন্ড ওয়েলফেয়ার এক্টিভিটিজের পক্ষ থেকে আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আজ সকাল ১১ টায় বরাক উপত্যকার ভাষা -সাহিত্য-সংস্কৃতি -ইতিহাস -ঐতিহ্য রক্ষা ও সামাজিক সম্প্রীতি রক্ষায় নিরলসভাবে কাজ করার জন্য আবিদ রাজা মজুমদার ,সঞ্জীব দেব লস্কর ও মাহবুবুল বারীকে শিলচর বঙ্গভবনে সম্মান জানানো হবে ।

ভারত ডিগনিটি অ্যাওয়ার্ডস আয়োজক কমিটির পক্ষ থেকে আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আজ শিলচর কাছাড় কলেজের বাংলা বিভাগের সহযোগীতায় আয়োজিত অনুষ্ঠানে সমাজে উল্লেখযোগ্য এবং অনুপ্রেরণামূলক অবদানের জন্য বিশিষ্ট ব্যাক্তিদের সম্মান জানানো হবে । এবছরের পুরস্কারপ্রাপকরা হলেন উপত্যকার বিশিষ্ট লেখক আশুতোষ দাস , পরিবেশবিদ অদ্যাপক পার্থঙ্কর চৌদুরী এবং বিশিষ্ট সমাজসেবী প্রদীপ দত্তরায় ।

---